

ক্যাম্বেলটাউন বাংলা স্কুলের বার্ষিক সাংস্কৃতিক সন্ধ্যা

গত ৯ অক্টোবর শনিবার ক্যাম্বেলটাউন বাংলা স্কুলের উদ্যোগে সিডনীর ম্যাকুয়্যারী ফিল্ডস জেমস মেনহানন স্কুলে বার্ষিক সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠিত হয়। বাংলাদেশের সংস্কৃতি, কৃষ্টি ও সাহিত্য এ দেশে বেড়ে উঠা নতুন প্রজন্মের কাছে পরিচয় করিয়ে দেয়ার লক্ষ্যে ক্যাম্বেলটাউন বাংলা স্কুল প্রতি বৎসর বার্ষিক সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করে থাকে। অনুষ্ঠান পরিচালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক এস এম আবু নাসের। অনুষ্ঠানে ক্যাম্বেলটাউন এলাকা (Werriwa) থেকে সদ্য নির্বাচিত ফেডারেল এম.পি Mr. Laurie Ferguson ও ক্যাম্বেলটাউন সিটি কাউন্সিলের কাউন্সিলর Mr. Anoulack Chanthivong উপস্থিত ছিলেন। এমপি Mr. Ferguson তার বক্তব্যে ক্যাম্বেলটাউন বাংলা স্কুলের শিশুদের বাংলা চর্চর প্রশংসা করেন। বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি মাসুদ চৌধুরী ও ড. খায়রুল চৌধুরী।



প্রথম পর্বে সাংস্কৃতিক অনুষ্ঠানে ক্যাম্বেলটাউন বাংলা স্কুলের ক্ষুদ্রে শিল্পীরা নাচ, গান, কবিতা ও নাটক পরিবেশন করে অতিথিদের মন কেড়ে নেয়। ল্যাকেম্বা বাংলা স্কুলের শিল্পীরাও সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করে। নৈশ ভোজের বিরতির পর সিডনীর অন্যতম জনপ্রিয় সাংস্কৃতিক গোষ্ঠি লাল সবুজের



একক সংগীতানুষ্ঠান পরিবেশিত হয়। শিল্পীরা দীর্ঘক্ষণ জনপ্রিয় সংগীত পরিবেশন করে দর্শকদের মন্ত্রমুগ্ধ করে রাখেন। সমগ্র সাংস্কৃতিক অনুষ্ঠানটি পরিচালনা করেন স্কুলের অন্যতম সংগঠক নাজমুল খান। ক্যাম্বেলটাউন বাংলা স্কুলের সাংস্কৃতিক অনুষ্ঠান উপলক্ষ্যে আবদুল জলিল এর সম্পাদনায় একটি আকর্ষণীয় ম্যাগাজিনও প্রকাশ করা হয়।